27/10/2003

দৈনিক সংবাদ

তারিখ ...............
পৃষ্ঠা ৭ কলাম ২

## সরকারি কলেজের শিক্ষকের পদের প্রাচুর্যতা বনাম শিক্ষক স্বল্পতা

পাবনা শহরের কেন্দ্রে অবস্থিত সরকারি শহীদ বুলবুল কলেজ, যা মূলত একটি উচ্চ মাধ্যমিক কলেজ। স্নাতক শ্রেণীর জন্য মানবিক ও ব্যবসা শিক্ষার বিশ্ববিদ্যালয়ের অনুমোদন থাকলেও উল্লিখিত কোন শাখায় ৫ জনের অধিক ছাত্র নেই এবং কোনদিন কোন বিষয়ের ক্লাশ হয় না। ওই ৪/৫ জন ছাত্র অন্যত্র পরীক্ষা দেয়। অথচ বিজ্ঞানসহ সকল বিষয়ে শিক্ষক রয়েছেন ডিগ্রি কলেজের জন্য সৃষ্ট পদ অনুযায়ী। ফলে কোন শিক্ষকেরই সপ্তাহে তিনটার বেশি ক্লাশ নিতে হয় না। যদিও বিধান অনুযায়ী প্রত্যেক শিক্ষককে পদ অনুযায়ী ১৮টা থেকে ২৪টা ক্লাস নিতে হয়।

অন্যপক্ষে, যেসব কলেজে ডিগ্রি, অনার্স ও মাস্টার্স কোর্স আছে সেখানে প্রভাষকসহ অন্যান্য পদের শিক্ষকের প্রচণ্ড অভাব রয়েছে। ফলে ছাত্রছাত্রীদের লেখাপড়ায় চরম বিঘ্ন ঘটছে।

সবচেয়ে আশ্চর্যের বিষয়, সরকারি শহীদ বুলবুল কলেজে পদ সৃষ্টির ব্যাপারে তৎকালীন বেসরকারি অধ্যক্ষ প্রতারণামূলকভাবে এতগুলো পদ সৃষ্টির প্রস্তাব দেন এবং তদন্তবিহীনভাবে এপদগুলো সৃষ্টি হয়। পরবর্তী পর্যায়ে আবার সেই অধ্যক্ষ দ্বারা সহযোগী অধ্যাপক অধ্যাপকের পদ সৃষ্টির প্রস্তাব নাকি পাঠানো হয়েছে, যা প্রক্রিয়াধীন রয়েছে।

এ অবস্থায়, বর্তমান জনপ্রিয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, পার্শ্ববর্তী এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজে এবং দেশের অন্যান্য কলেজে প্রভাষকসহ অন্যান্য পদে প্রচুরসংখ্যক শিক্ষক প্রয়োজন বিধায় সরকারি শহীদ বুলবুল কলেজের অপ্রয়োজনীয় সৃষ্ট পদ বাতিল করতঃ পার্শ্ববর্তী কলেজেগুলোতে শিক্ষক সরবরাহ করে শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি করতে মর্জি হয়।

মোহাঃ আজিজুল হক
রাধানগর
ডাকঘর ও জেলা-পাবনা
কোড-৬৬০০